নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যুহরের প্রথম দু’ রাক‘আতে সূরাহ্ ফাতিহার সঙ্গে আরও দু’টি সূরাহ্ পাঠ করতেন। আর শেষের দুই রাকা‘আতে সূরা ফাতিহা পড়তেন। আর তিনি আমাদের তিলাওয়াত শুনাতেন।

আবূ ক্বাতাদাহ রাদয়িাল্লাহু ‘আনহু হতে বর্ণিত। তিনি বলেন, “নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যুহরের প্রথম দু’ রাক‘আতে সূরাহ্ ফাতিহার সঙ্গে আরও দু’টি সূরাহ্ পাঠ
করতেন। আর শেষের দুই রাকা‘আতে সূরা ফাতিহা পড়তেন। আর তিনি আমাদের তিলাওয়াত শুনাতেন। প্রথম রাকা‘আত এত দীর্ঘ করতেন যা দ্বিতীয় রাকা‘আতে করতেন না। একই কাজ তিনি আসরে করতেন এবং একই কাজ তিনি ফজরে করতেন।
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

হাদীসে বলা হয় যে, যোহর ও আসরের সালাতের প্রথম দুই রাকা‘আতে সূরায়ে ফাতিহার সাথে অন্য একটি সূরা পাঠ করতেন। আর শেষের দুই রাকা‘আতে শুধু সূরা ফাতিহা পড়তেন। তা‘লীমের উদ্দেশ্যে আওয়াজ সামান্য উঁচা করাতে কোন অসুবিধা নেই।

http://sunnah.global/hadeeth/bn/show/10916